# বাংলা বিভাগ অ্যালামনাই

রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রধান কার্যালয় : কক্ষ ১৪৬, শহীদুল্লাহ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

সূত্রঃ ....................

তারিখঃ .............ঢাকা.............
২২ফেব্রুয়ারি,২০২০

**বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় কার্যনির্বাহী পরিষদের সপ্তম সভার কার্যবিবরণী**

বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয় এর দ্বিতীয় কার্যকরী পরিষদের সপ্তম সভা ২৭ ফেব্রুয়ারি শনিবার বিকেল ৫ঃ০০ টায় বিশ্বসাহিত্য কেন্দ্র, বাংলামটর, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আপেল আবদুল্লাহ। সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক প্রফেসর ড. পি.এম. সফিকুল ইসলাম। সভায় আরো উপস্থিত ছিলেন তৃতীয় সম্মিলন উৎসব কমিটি আহবায়ক প্রফের ড. শহীদ ইকবাল। সভায় তৃতীয় সম্মিলন উৎসবের বিভিন্ন খাতের বাজেট অনুমোদন ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ

১। তৃতীয় সম্মিলন উৎসবের প্রাক্কলিত বাজেট নিম্নরূপভাবে অনুমোদন দেয়া হয় ঃ

| ক্রঃনং | বিবরণ | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | শাড়ি | ২৭৫ X ১৮০০=৪,৯৫,০০০/- | |
| ০২ | পাঞ্জাবি | ৩৬২ X ১৭০০=৬,১৫,৪০০/- | |
| ০৩ | ব্যাগ | ৫৭৫X২৭৫=১,৫৮,৩৭৫/- | |
| ০৪ | স্মরণিকা এবং সদস্য পরিচিতি বই | ৩,০০,০০০/- | |
| ০৫ | খাবার (৪ বেলা) | ৬৭৫ জনX৬৫০=৪,৩৬,৮০০/- | |
| ০৬ | অতিথি শিল্পী সম্মানী | ৮০,০০০/- | |
| ০৭ | উৎসব প্রাঙ্গন সজ্জা, শব্দ যন্ত্রী, প্রচার-প্রচারনা, আতশবাজি, আলপনা ও ক্যামেরা ভিডিও | ২,৫০,০০০/- | |
| ০৮ | অনার্স সম্মান শ্রেণীর পুরস্কার | ৭২,০০০/- | |
| ০৯ | কলাবিদ পুরস্কার | ২৫,০০০/- | |
| | ২৮টি ক্রেস্ট ও উত্তরীয় | ৩৫,০০০/- | |
| | সর্বোমোট | ২৪,৬৭,৫৭৫/- | |

কথায়- চব্বিশ লক্ষ সাতষট্টি হাজার পাঁচশত পঁচাত্তর টাকা মাত্র।

২। বাজেটের অর্থ সংস্থানের জন্য সভায় নিম্নরূপভাবে হিসাব ধরা হয়।

| | | |
|---|---|---|
| সদস্য নিবন্ধন চাঁদা থেকে আয় ধরা হয় | - | ১৪,০০,০০০/- |
| ব্যয়যোগ্য তহবিলের জমা অর্থ | - | ২,০০,০০০/- |
| নতুন কার্যনির্বাহী পরিষদের নমিনেশন ফি থেকে | - | ২,০০,০০০/- |
| এবি ব্যাংকের স্থায়ী আমানতের মুনাফা থেকে | - | ১,৫০,০০০/- |
| বিজ্ঞাপন থেকে | - | ৫,০০,০০০/- |
| মোট | | ২৪,৫০,০০০/- |

কথায়- চব্বিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র

* অতিরিক্ত অর্থ সংস্থানে ব্যয়যোগ্য তহবিল থেকে স্থায়ী আমানতে বিনিয়োগ করা অর্থ সমন্বয়ে নতুন সদস্য চাঁদার প্রাপ্ত অর্থ ব্যয়যোগ্য হিসাবে নেয়া যাবে।

যোগাযোগ : ০১৭১৮-০০১৮১৭, ০১৯১৪-২৫৪১৭৯, ০১৭১৮-০৫৬৭৬৭
ই-মেইল : aapelabdullah@gmail.com, anikmahmud146@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েব সাইটঃ www.bangladeptalumniru.org

# বাংলা বিভাগ অ্যালামনাই
## রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রধান কার্যালয় : কক্ষ ১৪৬, শহীদুল্লাহ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়


সূত্র: .................. তারিখ: ..................

৩। মুজিব জন্মশতবর্ষ উদযাপনের সাথে সম্মিলন কর্মসূচির সম্পৃক্তকরণের জন্য এবারের সম্মিলন জাতির পিতার স্মৃতিতে উৎসর্গের সিদ্ধান্ত নেয়া হয়।

৪। সম্মিলন কর্মসূচিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রধান অতিথি এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপচার্য প্রফেসর ড. আবদুল খালেক প্রধান উৎসব বক্তা হিসেবে আমন্ত্রণ চূড়ান্ত করা হয়।

৫। সম্মিলন উৎসব দু'দিনে চারবেলার খাবারের মধ্যে ০৬-০৩-২০২০ রাতের খাবার বাংলা বিভাগ স্পন্সরে এগিয়ে আসায় বাংলা বিভাগকে ধন্যবাদ জানানো হয় এবং দুদিনের দুপুর ও রাতের খাবারের মেন্যু নির্ধারণ করা হয়।

৬। গত ২০১৮ সালের অক্টোবর মাসে এবি ব্যাংকে স্থায়ী আমানতকৃত সঞ্চয়ের বিপরীতে অক্টোবর ২০১৯ পর্যন্ত সময়ের ইন্টারেস্ট সম্মিলনের পুরস্কার ও অন্যান্য কাজে ব্যয় করার জন্য উঠানোর সিদ্ধান্ত হয়।

৭। মতিহার বাংলা-৪ স্মরণিকা এবং মতিহার বাংলা-৪ সদস্য পরিচিতি বই ভিন্ন-ভিন্নভাবে প্রকাশের সিদ্ধান্ত নেয়া হয়।

৮। (ক) এবারের বাংলা বিভাগ অ্যালামনাই কলাবিদ পুরস্কার-২০২০ গঠনতন্ত্র অনুয়ায়ী ডক্টর মুহম্মদ এনামুল হকের নামে দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং কবি আবুবকর সিদ্দিককে এ পুরস্কারের জন্য মনোনয়ন চূড়ান্ত করা হয়।

(খ) মোল্লাহ এবাদত হোসেন গবেষণা সাহিত্য স্মৃতিপদক পুরস্কার-২০২০ এর জন্য ড. খোন্দকার সিরাজুল হক (মরণোত্তর)-এর নাম চূড়ান্ত করা হয়।

(গ) কবি মোশতাক দাউদী লিটল ম্যাগ পুরস্কার-২০২০ এর জন্য মোঃ আব্দুল হালিম (লিটন হালিম), চতুর্থ বর্ষ, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নাম চূড়ান্ত করা হয়।

(ঘ) অধ্যাপিকা শাহিদা পারভীন স্মৃতি পদক পুরস্কার-২০২০ এর জন্য মনির হোসেন, এম,এ, বাংলা (থিসিস গ্রুপ), রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নাম চূড়ান্ত করা হয়।

(ঙ) নাট্যশিল্পী আজিজুর রহমান স্মৃতি পদক পুরস্কার-২০২০ এর জন্য মোঃ আজম হোসেন, এম.এ. বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নাম চূড়ান্ত করা হয়।

(চ) ফলাফল অনুযায়ী সকল বর্ষের মেধাবী ছাত্রদের পুরস্কারও চূড়ান্ত করা হয়।

৯। বাংলা একাডেমি পুরস্কার ২০১৯ অর্জন করায় অধ্যাপক ড. রতন সিদ্দিকী ও অধ্যাপক ড. স্বরোচিষ সরকারকে মূল অধিবেশনে বিশেষ সম্মাননা দেয়ার ব্যাপারেও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

১০। সভায় বিজ্ঞাপন সংগ্রহে সকল সদস্যকে অবদান রাখার আহবান জানানো হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/02/2020 22/02/2020

প্রফেসর ড. পি, এম, সফিকুল ইসলাম
সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই

আপেল আবদুল্লাহ্
সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই


যোগাযোগ : ০১৭১৮-০০১৮১৭, ০১৯১৪-২৫৪১৭৯, ০১৭১৮-০৫৬৭৬৭
ই-মেইল : aapelabdullah@gmail.com, anikmahmud146@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েব সাইটঃ www.bangladeptalumniru.org